চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২২ মে ২০১৮ খ্রি.

দক্ষিণ পতেঙ্গা মাইজপাড়ার অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে মেয়রের অনুদান বিতরণ

গত ১৯ মে ২০১৮ খ্রি. রাত সাড়ে ৯ টায় সংগঠিত ভয়াবহ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ৬টি পরিবার এর মাঝে ২২ হাজার টাকা অনুদান দেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এই অনুদানের মধ্যে নগদে পরিবারকে ২ হাজার টাকা এবং পুনর্বাসনের জন্য নগদে ১০ হাজার টাকা প্রদান করেন। ২২ মে ২০১৮ খ্রি. সন্ধ্যায় ক্ষতিগ্রস্তদের সরেজমিনে দেখতে গিয়ে মেয়র এই অনুদান তুলে দেন। এ সময় তিনি ক্ষতিগ্রস্তদের সাথে সাক্ষাত করে সমবেদনা জানান। এ সময় প্যানেল মেয়র নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, জিয়াউল হক সুমন, পতেঙ্গা থানা আওয়ামীলীগের যুগ্ম আহবায়ক এ এস এম ইসলাম, ৪১নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নুরুল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক মো. সেলিম, মুক্তিযোদ্ধা আবদুল গফুর, আওয়ামীলীগ নেতা জানে আলম, মো. সেলিম, মো. ইদ্রিস, ওয়ার্ড আওয়ামী যুবলীগের সভাপতি মাইনুল ইসলামসহ অন্যদের মধ্যে ইমতিয়াজ রাজু, ছোবহান, আলী নুর, সাজ্জাদ, ফারুক, বাপ্পীসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২২ মে ২০১৮ খ্রি.

পবিত্র রমজানে জনভোগান্তি লাঘবে ট্রাফিক ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সাথে পুলিশ প্রশাসন (ট্রাফিক) ও পূর্বাঞ্চলীয় রেল কতৃপক্ষের যৌথ বৈঠক

চট্টগ্রাম নগরীর যানজট নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও রেলওয়ে পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ২২ মে ২০১৮ খ্রি. সকালে নগরভবনে সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ বৈঠকে নগরীর ট্রাফিক শৃঙ্খলা নিয়ন্ত্রণে ৭টি সুপারিশ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে ত্রিমুখী আলাপ-আলোচনা হয়। বৈঠকে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি বৈঠকে পেশকৃত সুপারিশগুলো বাস্তবায়নে ইতিবাচক পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট প্রশাসন প্রতিনিধিদের সাথে নানামুখী আলাপ-আলোচনা করেন। আলোচনায় নগর জুড়ে কমপ্রিহেনসিভ ট্রাফিক ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ, আন্তঃজেলা বাস, ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক সমিতিকে সমন্বিতকরণ, চলতি রমজান মাসে সল্টগোলা রেলক্রসিং এলাকায় রেলগেইট বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত মালবাহী ট্রেন চলাচল বন্ধ রাখা, ইষ্টার্ণ রিফাইনারি,পদ্মা, যমুনা,মেঘনা অয়েল কোম্পানিসহ বন্দর কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে ড্রাই ডকের সকল

ধরণের পরিবহনের ক্ষেত্রে দিনের বেলায় চলাচলে নিষেধাজ্ঞা জারি করণ, সড়ক ও ড্রেন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের কারণে রাস্তার পাশে ফেলে রাখা মাটি অপসারণে সিটি কর্পোরেশনের মোবাইল কোর্ট পরিচালনা এবং পোর্টকানেকটিং রোড, আগ্রাবাদ এক্সেস রোড, আরকান সড়ক, হাটহাজারী সড়কসহ যে সকল সড়কে ওয়াসার পাইপ লাইনের কর্তন কাজ চলমান আছে সে সকল সড়কে অন্তত এক পাশ দুই লাইনে যান ও পরিবহন চলাচলে উপযোগী করাসহ ৭টি সুপারিশ বাস্তবায়নের ব্যাপারে কর্তৃপক্ষ ঐক্যমত পোষণ করেন। বৈঠকে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, জনস্বার্থ বিবেচনায় রেখে চলতি রমজানে যানজট সমস্যা নিয়ন্ত্রণে সমন্বিত ভাবে কাজ করতে হবে। এ ব্যাপারে প্রত্যেককে স্ব স্ব অবস্থান থেকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। নগরের ট্রাফিক ম্যানেজমেন্ট নিয়ন্ত্রণকারী মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগ যানজট নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ সড়ক, সড়ক মোড়গুলোতে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। পাশাপাশি চট্টগ্রাম সিটি কর্পোরেশনও নগরীর যে সকল সড়কে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন চলছে সেখানে আপদকালিন ব্যবস্থা হিসেবে বিকল্প সড়ক চালুকরণ, আগ্রাবাদ এক্সেস রোডের নিমতলা বিশ্বরোড থেকে অলংকার মোড় পর্যন্ত চলমান উন্নয়ন কাজে রাস্তার পাশে ফেলে রাখা মাটি মোবাইল কোর্টের মাধ্যমে অপসারণ করবে এবং পোর্টকানেক্টিং রোড অবৈধ দখল থেকে মুক্ত করার লক্ষে মোবাইল কোর্ট পরিচালনা করবে। মেয়র বলেন, ড্রেন নির্মাণে সংশ্লিষ্ট নালা বন্ধ রাখার কারণে যে সকল সড়ক স্থানে জলজট সৃষ্টির সম্ভাবনা রয়েছে সেখানে আপাতত নালা অবমুক্ত করে দেয়াসহ চসিক'র পক্ষ থেকে সুপারিশকৃত প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা করা হবে।

বৈঠকে তিনি সল্টগোলা ক্রসিং এলাকার রেলগেইট বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত বন্ধ রাখা, জাকির হোসেন রোডের রেলগেইট সংস্কারকরণে রেলওয়ে পূর্বাঞ্চলের ইতিবাচক সহযোগিতা কামনা করেন। মেয়র বলেন, এই রমজানে মফস্বল এবং উপজেলা শহর থেকে প্রতিদিন ১০-১৫ লাখ মানুষ নগরে প্রবেশ করছে। নগরে বেড়ে গেছে যানবাহন এবং পরিবহন সংখ্যা। প্রতিদিন বাইরে থেকে হাজার হাজার যানবাহন ও পরিবহন নগরে প্রবেশ করছে। যোগাযোগ ব্যবস্থাপনার উপর যানবাহনের এই চাপ বেড়েই চলছে। যানজট নিরসনে একটি ট্রাফিক ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণে ইতোমধ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং সিএমপি ট্রাফিক বিভাগ উদ্যোগ হাতে নিয়েছে। এ ব্যাপারে প্রস্তাবনাটি অনুমোদনের ব্যাপারে মন্ত্রণালয়ে উপস্থাপিত করা হবে। বৈঠকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, রেলওয়ে পূর্বাঞ্চল জিএম সৈয়দ ফারুক আহমেদ, সিএমপি অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) কুসুম দেওয়ান, বাংলাদেশ রেলওয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সেতু) মো. গোলাম মোস্তফা, চসিক প্রধান প্রকৌশলী লে.কর্নেল মহিউদ্দিন আহমেদ, এসি ট্রাফিক (উত্তর) মো. মিজানুর রহমান, টি আই কোতোয়ালি মুন্সী হাফিজুর রহমান, বন্দর টি আই প্রশাসন আবুল কাশেম চৌধুরী, চসিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, আনোয়ার হোসাইন, আবু ছালেহ, নির্বাহি প্রকৌশলী ঝুলন কুমার দাশ, বিপ্লব দাশ, অসিম বড়ুয়া, ফরহাদুল আলম,সুদীপ বসাক, আবু সাদাত মোহাম্মদ তৈয়ব অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২২ মে ২০১৮ খ্রি.

জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত পাথরঘাটা বালক উচ্চ বিদ্যালয় থেকে ২০১৮ সনে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের ২২ মে ২০১৮ খ্রি. বিকেলে নগরভবনে সম্মেলন কক্ষে সংবর্ধিত করা হয়। ছাত্রদের হাতে ক্রেস্ট দিয়ে সংবর্ধিত করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ সময় ৩৪ নং ওয়ার্ড কাউন্সিলর মো. ইসমাইল বালী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুন্নেছা দোভাষ বেবী, অত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রাক্তন প্রধান শিক্ষক হরি নারায়ন ভট্টচার্য, বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শ্রীমতি সুবর্ণা ধর ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২২ মে ২০১৮ খ্রি.

৯ দফা দাবী পূরণে সিটি মেয়রের কাছে উত্তর পতেঙ্গাবাসীর স্মারকলিপি

উত্তর পতেঙ্গা এলাকার সমস্যা সমাধানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের কাছে ১০ দফা দাবী পেশ করেছে এলাকাবাসী। গত ২১ মে ২০১৮ খ্রি. বিকালে কে স্কোয়ার-২ তে মেয়র পতেঙ্গা ওয়ার্ড আওয়ামীলীগের ইফতার মাহফিলে উপস্থিত হলে এলাকাবাসী তার কাছে এই দাবীনামা পেশ করেন। দাবীতে তারা প্রতি বর্ষা মৌসুমে জিইএম প্ল্যান্ট গেইট এলাকা থেকে ভারটেক্স পর্যন্ত এলাকায় সৃষ্ট জলাবদ্ধতা সমস্যা নিরসন,কাটগড় মোড় থেকে পূর্ব কাটগড় পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ,মহাজন ঘাটা থেকে কাটগড় বাজার পর্যন্ত ফুটপাত দখল মুক্ত করা,স্বাধীনতার ৪৮ বছর পরও পতেঙ্গা এলাকাবাসী ওয়াসার পানি সরবরাহ থেকে বঞ্চিত থাকা,গুপ্তখাল, কেইপিজেড সংলগ্ন শাখা খাল ও ৭নং খাল সংস্কারকরণ,পদ্মা-মেঘনা-যমুনা'য় চাকুরিরত পতেঙ্গা নিবাসী অস্থায়ী শ্রমিকদের মজুরি বৃদ্ধিতে সংশ্লিষ্ট পক্ষের সাথে আলোচনা, প্রাইম মুভার ও কাভার্ড ভ্যান গাড়ির দখল বাণিজ্য থেকে কাটগড় সড়ক এলাকা মুক্ত করা এবং পতেঙ্গা উচ্চ বিদ্যালয়ের সামনে একটি ফুট ওভার ব্রীজ নির্মাণের দাবী জানিয়েছেন উত্তর পতেঙ্গাবাসী।দাবীনামায় আরো উল্লেখ করা হয়, এই পতেঙ্গাবাসীর জায়গার উপরই জিইএম প্ল্যান্ট,ইস্টার্ন কেবল,ভারটেক্স লিমিটেডসহ অনেক শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। কিন্তু প্রতিষ্ঠানগুলোতে স্থানীয়দের চাকুরি প্রদানের ক্ষেত্রে কোন কোটা সৃষ্টি করা হয়নি।অথচ এসব শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠার নেপথ্যে এলাকাবাসীর ত্যাগ, তিতিক্ষা এবং মানবিক দিক বিবেচনায় রেখে স্থানীয় কোটা ব্যবস্থা চালুকরণ দীর্ঘদিনের দাবী। এলাকাবাসীর পক্ষ থেকে ৪০ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আবদুল বারেক ও সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন চৌধুরী আজাদ সিটি মেয়রের কাছে স্মারকলিপি পেশ করেন।

চট্টগ্রাম- ২২ মে ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভ্রাম্যমান আদালত কার্যক্রম অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ২২ মে ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন নিউমার্কেট এলাকায় রাজস্ব সার্কেল-৪ এর আওতায় জলসা মার্কেট, তামাকুমন্ডি লেইনের হাসিনা শপিং সেন্টার ও বিনিময় শপিং সেন্টারে ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করায় ভ্রাম্যমান আদালতের উপস্থিতিতে তাৎক্ষনিক ১৩টি নতুন লাইসেন্ট ইস্যু এবং নবায়ন না করায় ২৭টি লাইসেন্সের বকেয়া ফি আদায় সহ মোট ৬৯ হাজার ২শত ১০ টাকা আদায় করা হয় এবং হাসিনা শপিং সেন্টারে ট্রেড লাইসেন্স না করার অপরাধে ডিউর প্লাস নামক দোকানের মালিককে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এ অভিযানের আওতায় আগামী ৩০ মে তামাকুমুন্ডি লেইনের বিনিময় সেন্টার এবং ৩১ মে ২০১৮খ্রি. জলসা মার্কেটে ভ্রাম্যমান আদালতের উপস্থিতিতে স্পট ট্রেড লাইসেন্স ইস্যু কার্যক্রম চলবে।

অভিযানকালে সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-৪ এর কর কর্মকর্তা উপ কর কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন